# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 12.09.2024** **Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) জুনিয়র ডাক্তারদের প্রতিনিধি দল লাইভ সম্প্রচারের দাবিতে অনড় থাকায় মুখ্যমন্ত্রীর সঙ্গে নবান্নে আজ তাঁদের প্রস্তাবিত বৈঠক শেষ পর্যন্ত ভেস্তে গেছে ।

২) সুপ্রিম কোর্টের নির্দেশের পর কতজন জুনিয়ার চিকিৎসক কাজে যোগ দিয়েছেন, রাজ্য সরকার সেই রিপোর্ট চেয়েছে।

৩) আর জি কর হাসপাতালের ঘটনায় সিবিআই আজ রাজ্য মেডিকেল কাউন্সিলের প্রধান ডাক্তার সুদীপ্ত রায়ের সিঁথির বাড়ি ও নার্সিং হোমে হানা দেয়।

এদিকে, সন্দীপ ঘনিষ্ঠ পিজিটি চিকিৎসক অভীক দে-র বিভিন্ন কার্যকলাপের তদন্তের জন্য ৪ সদস্যের কমিটি গঠন করেছে স্বাস্থ্য দফতর।

৪) রাজ্যসভার সাংসদ পদে জওহর সরকারের ইস্তফা।

৫) প্রবীন কমিউনিস্ট নেতা, সিপিআইএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি প্রয়াত। শেষ ইচ্ছে অনুযায়ী শনিবার তাঁর দেহ দান করা হবে নতুন দিল্লির এইমসে।

৬) কলকাতা বেতারের জনপ্রিয় কণ্ঠ ছন্দা সেন প্রয়ানে শোকের ছায়া।

oooooooooooooooooooo

জুনিয়র ডাক্তারদের প্রতিনিধি দল লাইভ সম্প্রচারের দাবিতে অনড় থাকায় মুখ্যমন্ত্রীর সঙ্গে নবান্নে আজ তাঁদের প্রস্তাবিত বৈঠক শেষ পর্যন্ত ভেস্তে গেছে । মুখ্যসচিব, ডিজি সহ সরকারের শীর্ষ আধিকারিকরা দফায় দফায় তাদের বোঝানোর চেষ্টা করার পরেও লাইভ সম্প্রচারের দাবিতে অনড় থাকে ওই প্রতিনিধি দল। নবান্ন সভাঘরে দুঘন্টা র বেশি সময় অপেক্ষা করার পর সন্ধ্যা সাতটা নাগাদ নবান্ন ছেড়ে বেরিয়ে যান মুখ্যমন্ত্রী। বেরনোর আগে সাংবাদিকদের মুখোমুখি হয়ে জুনিয়র ডাক্তারদের আজকের অবস্থানকে দুর্ভাগ্যজনক আখ্যা দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সরকার খোলা মনে আলোচনা চায়। তাই তিনি লাগাতার তিন দিন ধরে আলোচনার জন্য অপেক্ষা করেছেন। জুনিয়ার ডাক্তারদের শর্ত মেনে ৩০ জনের বেশি প্রতিনিধিকে বৈঠকে আসার অনুমতি দেওয়া হয়েছে। যেসমস্ত স্বাস্থ্য কর্তার বিরুদ্ধে জুনিয়র চিকিৎসকদের ক্ষোভ রয়েছে তাঁদের বৈঠকে রাখা হয়নি। তবে এই মামলা সুপ্রিম কোর্টের বিচারাধীন হওয়ায় তার নিজের দিক থেকে কোন আপত্তি না থাকলেও পদ্ধতিগত কারণে লাইভ সম্প্রচার করা সম্ভব নয় বলে তিনি জানিয়েছেন।

( বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী আরও জানান, এখনো তাঁরা আন্দোলনকারীদের বিরুদ্ধে কোনো কঠোর অবস্থান নেওয়ার পক্ষপাতী নন। বরং তারা চাইলে এখনো সরকারের শীর্ষ আধিকারিকদের সঙ্গে আলোচনায় বসতে পারেন।

আজকের সামগ্রিক ঘটনাপ্রবাহ নিয়ে নবান্ন থেকে আমাদের প্রতিনিধি, অভিরূপ ভট্টাচার্য ও সুমন দে জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার চাইলেও জুনিয়ার চিকিৎসকরা আলোচনায় বসতে চাইছেন না বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। দলের পক্ষ থেকে আজ এক্সহ্যান্ডেলে এক পোস্টে বলা হয়েছে, আলোচনার মাধ্যমেই শুধুমাত্র এই সমস্যার সমাধান সম্ভব। রাজ্য সরকার সেজন্য সবরকমের সহযোগিতার হাত বাড়িয়ে দিতে প্রস্তুত। কিন্তু আন্দোলনরত চিকিৎসকেরাই বিষয়টিকে কোন অগ্রাধিকার দিচ্ছে না। সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে আলোচনায় বসতে চাইছে না।

০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের কাজে যোগদানের নির্দেশের পর কতজন জুনিয়র চিকিৎসক কাজে যোগ দিয়েছেন, রাজ্য সরকার মেডিক্যাল কলেজগুলির অধ্যক্ষ এবং অধিকর্তাদের কাছে সেই রিপোর্ট চেয়েছে।

সুপ্রীম কোর্টের ৯ সেপ্টেম্বরের নির্দেশের প্রসঙ্গ উল্লেখ করে স্বাস্থ্য ভবনের তরফে আজ এক নির্দেশিকায় এ কথা জানতে চাওয়া হয়েছে। সেই সঙ্গে নিরদিষ্ট ফর্মে এ সংক্রান্ত পরিসংখ্যান নথিভুক্ত করার কথাও বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতি ও অবস্থান বিক্ষোভ নিয়ে পশ্চিম মেদিনীপুরের জেলাশাসকের দপ্তরে আজ জরুরি বৈঠক বসে। জেলাশাসক ও পুলিশ সুপার সহ জেলা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ও মেদিনীপুর মেডিকেল কলেজের অধ্যক্ষাও বৈঠকে যোগ দেন। ওই মেডিকেল কলেজের কর্মরত চিকিৎসকদের জন্য বিশ্রামাগার, শৌচাগার তৈরির পাশাপাশি কলেজ ও হাসপাতাল চত্ত্বরে আরও প্রায় ৮-শোটি সিসিটিভ লাগানোর

সিদ্ধান্ত হয় বৈঠকে। সেই সঙ্গে জোরালো আলোও লাগানো হবে। জেলা মহাকুমা হাসপাতাল এবং অন্যান্য হাসপাতালের সুরক্ষা নিয়েও বৈঠকে আলোচনা হয়।

০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান, রাজ্য মেডিকেল কাউন্সিলের প্রধান ডাক্তার সুদীপ্ত রায়ের সিঁথির মোড়ের বাড়ি ও নার্সিং হোমে আজ হানা দেয় সিবিআই। তল্লাশির পাশাপাশি চলে জিজ্ঞাসাবাদ। শ্রীরামপুরের তৃণমূল কংগ্রেস বিধায়ক, প্রভাবশালী এই চিকিৎসক নেতার ঘনিষ্ঠ হিসেবে পরিচিত ছিলেন আর জি কর-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। ৯-ই আগস্ট চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনা প্রকাশ্যে আসার পর অকুস্থল সেমিনার হলে দেখা গিয়েছিল তাঁকে। সুদীপ্ত রায়ের শ্রীরামপুরের বাড়িতেও যান কেন্দ্রীয় সংস্থার তদন্তকারীরা।

এদিকে, মৃতার শরীরে যে কামড়ের চিহ্ন পাওয়া গিয়েছিল, তাঁর সঙ্গে মিলিয়ে দেখার জন্য প্রেসিডেন্সি জেলে বন্দী সঞ্জয় রায়কে পরীক্ষা করেছেন সি বি আই-এর তদন্তকারীরা।

০০০০০০০০০০০০০০০০০০

আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ পিজিটি চিকিৎসক অভীক দে-র বিভিন্ন কার্যকলাপের তদন্তের জন্য চার সদস্যের বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। এসএসকেএম-এর জেনারেল সার্জারি বিভাগের স্নাতকোত্তর প্রথম বর্ষের এই পড়ুয়া চিকিৎসকের বিরুদ্ধে তদন্তে নেতৃত্ব দেবেন এন আর এস মেডিকেল কলেজের অধ্যক্ষ ডক্তার পিতবরণ চক্রবর্তী। কমিটির অন্য তিন সদস্য হলেন, ডায়মন্ড হারবার মেডিকেল কলেজের অধ্যক্ষ, অধ্যাপক উৎপল দাম, কলকাতার আই পি জি এম ই আর-এর ফার্মাকোলজি বিভাগের ডিন অধ্যাপক অভিজিৎ হাজরা এবং আরামবাগের

পি সি এস গভর্মেন্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক রামপ্রসাদ রায়। সাতদিনের মধ্যে তদন্ত কমিটিকে রিপোর্ট দিতে হবে বলে রাজ্যের স্বাস্থ্য – শিক্ষা অধিকর্তা নির্দেশ দিয়েছেন।

oooooooooooooooooooo

পূর্ব ঘোষনা মতই তৃনমূল কংগ্রেসের জহর সরকার আজ রাজ্যসভার সাংসদ পদে ইস্তফা দিয়েছেন। সংসদীয় বিধি মেনে আজ তিনি রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকড় এর সঙ্গে দেখা করে আনুষ্ঠানিক ভাবে তার হাতে পদত্যাগ পত্র তুলে দেন। এরফলে রাজ্যসভায় তৃনমূল কংগ্রেসের আসন সংখ্যা কমে হল ১২।

উল্লেখ্য আর জি কর নিয়ে দলীয় অবস্থানের বিরোধীতা ও দূর্নীতির প্রসঙ্গ তুলে সংসদ পদ থেকে ইস্তফা দিতে চেয়ে তিনি গত রবিবার দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছিলেন।

ooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে যাবতীয় সমস্যার কেন্দ্র মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজিকে ঘিরেই। তাই মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি রাজনৈতিকভাবে আন্দোলন চালিয়ে যাবে। ১৬তারিখ দলের ধর্না মঞ্চ থেকে পরবর্তী আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে বলেও তিনি আজ বিধানসভার বাইরে সাংবাদিকদের জানান।

জুনিয়র ডাক্তারদের সরকারের সঙ্গে আলোচনায় বসার আবেদন জানিয়ে শুভেন্দু বলেন, লাইভ স্ট্রিমিং ইস্যুতে অনড় না থেকে জুনিয়র ডাক্তারদের সমস্যার সমাধানে যাওয়া এবং কাজে ফিরে আসা উচিত।

ooooooooooooooooo

পুরুলিয়া মেডিকেল কলেজে মায়ের চিকিৎসা করাতে এসে যৌন নির্যাতনের শিকার হলেন এক তরুণী। পুলিশের কাছে তিনি অভিযোগ করেছেন, আজ ভোরে হাসপাতাল চত্বরে তিনি বিশ্রাম নিচ্ছিলেন। সেসময় আনন্দ মান্ডি নামে ওই ব্যক্তি তাকে যৌন নির্যাতন করে। মেয়েটির অভিযোগের ভিত্তিতে পুলিশ আনন্দকে গ্রেফতার করেছে। তার বাড়ি কোটশীলা এলাকায়।

এদিকে, জেলার টামনা থানা এলাকায় এক নাবালিকার ওপর অ্যাসিড বাল্ব ছোঁড়ার ঘটনায় আজ ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। মেয়েটিকে গুরুতর আহত অবস্থায় পুরুলিয়া মেডিকেল কলেজ হাসাপাতালে ভর্তি করা হয়েছে। পরিবারের অভিযোগের ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে ২ জনকে। তারা বেশকিছু দিন ধরেই মেয়েটিকে নানানভাবে হুমকি দিচ্ছিল বলে দাবি।

অন্যদিকে প্রেমের প্রস্তাবে রাজি না হওয়ায় এক তরুণীকে উতক্ত করার অভিযোগে পূর্ব বর্ধমানের মেমারী থানার পুলিশ এক যুবককে গ্রেফতার করেছে। দেবদীপ সাঁই নামে ধৃতের বাড়ি মেমারীর বেগুটে।

oooooooooooooooo

নিয়োগ দুর্নীতি কান্ডে প্রায় দু’বছর জেল বন্দী থাকার পর অবশেষে জামিন পেলেন প্রাথমিক শিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি ও তৃণমূল কংগ্রেসের বিধায়ক মানিক ভট্টাচার্য। কলকাতা হাইকোর্ট-এর বিচারপতি শুভ্রা ঘোষ, আজ শর্ত সাপেক্ষে তাঁর জামিন মঞ্জুর করেন। ২০২২-এর এগারোই অক্টোবর মানিককে গ্রেফতার করেছিল ইডি। জামিনের শর্ত অনুযায়ী, নিম্ন আদালতের কাছে তাঁকে পাসপোর্ট জমা রাখতে হবে। কোনো সাক্ষীর সঙ্গে যোগাযোগ করা, প্রভাব খাটানো বা হুমকি দেওয়া চলবে না। তদন্তকারী অফিসারের অনুমতি ছাড়া বাইরে কোথাও যাওয়া যাবে না। মোবাইল নম্বরও তদন্তকারী অফিসারকে দিতে হবে।

উল্লেখ্য, এর আগে জামিনের জন্য সুপ্রিম কোর্টেও আবেদন করেছিলেন মানিক ভট্টাচার্য। তবে সেই মামলার ত্রুটি সংশোধন করে হাইকোর্টে আবেদন করার নির্দেশ দিয়েছিল সর্বোচ্চ আদালত।

নিয়োগ দুর্নীতি মামলায় মানিকের স্ত্রী এবং ছেলেকেও গ্রেফতার করে ইডি। পরে, হাইকোর্টে স্ত্রী শতরূপা এবং সুপ্রিম কোর্টে পুত্র শৌভিক জামিন পান।

০০০০০০০০০০০০০০০০০০

প্রবীন কমিউনিস্ট নেতা, সিপিআইএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি প্রয়াত। ফুসফুসে গুরুতর সংক্রমণ নিয়ে গত ১৯-শে আগস্ট নতুনদিল্লির এইমসে ভর্তি হন তিনি। ছিলেন আইসি-ইউতে লাইভ সাপোর্ট সিস্টেমে। হাসপাতালেই আজ জীবনাবসান হয় তাঁর। বয়স হয়েছিল ৭২ বছর।

সীতারাম ইয়েচুরির জন্ম ১৯৫২ সালের ১২ই আগস্ট অধুনা চেন্নাইয়ে। সিবিএসই-র দ্বাদশ শ্রেনীর পরীক্ষায় দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছিলেন তিনি। অর্থনীতিতে স্নাতক হন দিল্লির সেন্ট স্টিফেন্স কলেজ থেকে। জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তরের পাঠ চলাকালীনই যুক্ত হন বামপন্থী রাজনীতির সঙ্গে। ৮৪-তে এসএফআই-এর সর্বভারতীয় সভাপতি হয়েছিলেন সীতারাম। ৯২-তে হন পলিটব্যুরো সদস্য। ২০১৫-য় সিপিআইএমের সর্বভারতীয় সাধারণ সম্পাদক নির্বাচিত হন তিনি। ২০০৫ থেকে ১৭ পর্যন্ত ছিলেন পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত রাজ্যসভার সাংসদ। চমৎকার বাংলা বলতেন ইয়েচুরি। গত ৮ই আগস্ট দীর্ঘদিনের সুহৃদ, পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য প্রয়াত হলে, চোখে অস্ত্রোপচারের কারণে কলকাতায় আসতে না পারলেও তিনি শোকবার্তা পাঠিয়েছিলেন।

সীতারাম ইয়েচুরিকে শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য শনিবার ১৪-ই সেপ্টেম্বর তাঁর মরদেহ নতুন দিল্লিতে দলের সদর দফতর এ কে গোপালন ভবনে সকাল ১১-টা থেকে বেলা তিনটে পর্যন্ত শায়িত রাখা হবে। তারপর মরদেহ নিয়ে যাওয়া হবে অল ইন্ডিয়া মেডিকেল ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেসে। তাঁর শেষ ইচ্ছে অনুযায়ী সেখানেই এই সিপিআইএম নেতার দেহ দান করা হবে।

সীতারাম ইয়েচুরির মৃত্যুতে সিপিআইএম- পলিটব্যুরোর পক্ষ থেকেও গভীর শোক ব্যক্ত করা হয়েছে। এক শোকবার্তায় পলিটব্যুরো ইয়েচুরির স্ত্রী ও পরিবারের বাকি সদস্যদের গভীর সমবেদনা জানিয়েছে।

এদিকে, দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ মুজাফ্ফর আহমেদ ভবনে এক সাংবাদিক সম্মেলনে জানান, তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে দলের সব দফতরে আগামী সাতদিন পতাকা অর্ধনমিত রাখা হবে। কোন প্রতিবাদ কর্মসূচী থাকলে তা হবে শোকজ্ঞাপনের পর। দলীয় কর্মীরা কালো ব্যাচ পরে ওই কর্মসূচীতে অংশ নেবেন।

দলের রাজ্য দফতরে ইয়েচুরির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন প্রবীণ সি পি আই এম নেতা বিমান বসু, পলিটব্যুরো সদস্য রামচন্দ্র ডোম, কেন্দ্রীয় কমিটির সদস্য রবিন দেব, আভাস রায়চৌধুরী প্রমুখ। সূজন চক্রবর্তী সাংবাদিকদের বলেন,

(বাইট- সূজন)

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ সীতারাম ইয়েচুরির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি তাঁর পরিবার পরিজনদের প্রতিও আন্তরিক সমবেদনা জানান।

শোকব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-ও ।

শোক ব্যক্ত করেছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও।

oooooooooooooooo

কলকাতা বেতারের জনপ্রিয় কণ্ঠ ছন্দা সেন প্রয়াত। বেশ কিছুদিন ধরেই অসুস্থ ছিলেন তিনি। SSKM হাসপাতালে রাত দুটো নাগাদ তাঁর জীবনাসান হয়। বয়স হয়েছিল ৭৮ বছর।

১৯৭৪-এ আকাশবাণী কলকাতা কেন্দ্রে যোগ দিয়েছিলেন ছন্দা সেন। কলকাতা দূরদর্শনের সূচনা লগ্ন থেকেই সংবাদ পাঠে জনপ্রিয় হয়ে ওঠেন তিনি। মহালয়ার প্রভাতী অনুষ্ঠান ‘দেবীং দুর্গতিহারিণীমে- অংশ নিয়েছিলেন ছন্দা। তাঁর কণ্ঠ, বাচনভঙ্গী ও উপস্থাপনার অনুরাগী ছিলেন অসংখ্য শ্রোতা। ২০০৬-এ তিনি অবসর গ্রহণ করেন।

কেওড়াতলা মহাশ্মশানে শেষকৃত্যের আগে ছন্দা সেনের কর্মক্ষেত্র আকাশবাণী ভবনে তাঁর মরদেহ নিয়ে আসা হলে, ফুল, মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ছন্দা সেনের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। দূরদর্শনে এক অনুষ্ঠানে ছন্দা সেন জানান তাঁর অভিজ্ঞতার কথা।

(বাইট – ছন্দা সেনা)

oooooooooooooooo

ooooooooooooooooo

ooooooooooooooooo